# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৫৪

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ কুর‘আনের পাঠককে সাত দিনে কুর‘আন অনুন্য সাত দিনে কুর‘আন খতম করার নির্দেশ

## ذِكْرُ الْأَمْرِ لِقَارِئِ الْقُرْآنِ أَنْ يَخْتِمَهُ فِي سَبْعٍ لَا فِيمَا هُوَ أَقَلُّ مِنْ هَذَا العدد

আরবী

754 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ الْقَوَارِيرِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ عَنِ ابْنِ جُرَيْجٍ قَالَ: سَمِعْتُ ابْنَ أَبِي مُلَيْكَةَ يُحَدِّثُ عَنْ يَحْيَى بْنِ حَكِيمِ بْنِ صَفْوَانَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: حَفِظْتُ الْقُرْآنَ فَقَرَأْتُ بِهِ فِي لَيْلَةٍ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اقْرَأْهُ فِي شَهْرٍ) قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ دَعْنِي أَسْتَمْتِعْ مِنْ قُوَّتِي وَشَبَابِي قَالَ: (اقْرَأْهُ فِي عَشْرٍ) قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ دَعْنِي أَسْتَمْتِعْ مِنْ قُوَّتِي وَمِنْ شَبَابِي قَالَ:
(اقْرَأْهُ فِي سَبْعٍ) قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ دَعْنِي أستمتع من قوتي ومن شبابي قال: فأبى.
الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 754 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৫৪. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি কুর‘আন মুখস্ত করেছিলাম ফলে আমি একরাতে পুরো কুর‘আন পড়ি। তখন তিনি তাকে বলেন, “তুমি প্রতি মাসে একবার পুরো কুরআন পড়।” রাবী বলেন, আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে ছাড় দিন, আমি আমার শক্তি ও যৌবন দ্বারা উপকৃত হই।” জবাবে তিনি বললেন, “তুমি প্রতি দশ দিনে একবার পুরো কুরআন পড়।” রাবী বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে ছাড় দিন, আমি আমার শক্তি ও যৌবন দ্বারা উপকৃত হই।” জবাবে তিনি বললেন, “তুমি প্রতি সাত দিনে একবার পুরো কুরআন পড়।” রাবী বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে ছাড় দিন, আমি আমার শক্তি ও যৌবন

দ্বারা উপকৃত হই।” রাবী বলেন, “কিন্তু তিনি (আরো কম সময়ে কুর‘আন খতমের অনুমতি দিতে) অস্বীকৃতি জানালেন।”[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৫৯৫৬; মুসনাদ আহমাদ: ২/১৯৯; ইবনু মাজাহ: ১৩৪৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৫৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89257

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন